গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নওগাঁ
(সাধারণ শাখা-১১১)
www.naogaon.gov.bd

নওগাঁ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির ফেব্রুয়ারি/২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মিজানুর রহমান, জেলা প্রশাসক, নওগাঁ।
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ	:	১৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ (রবিবার)।
সময়	:	১০.০০ টা।
উপস্থিতি	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।
অনুপস্থিতি	:	পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সভায় মাননীয় খাদ্যমন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার উপস্থিত থাকায় সভাপতি তাঁর প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত বছর বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতি হিসেবে নওগাঁ জেলার পুলিশ সুপার জনাব মোঃ ইকবাল হোসেন পিপিএম (সেবা) পদক পেয়েছেন। তাঁর এ অর্জনের জন্য সভায় উপস্থিত মাননীয় মন্ত্রী মহোদয় পুলিশ সুপারকে ফুলেল শুভেচ্ছা জানান। পাশাপাশি জেলা প্রশাসন এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটির পক্ষ হতে ফুলেল শুভেচ্ছাসহ স্বাগত জানানো হয়। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নওগাঁ অসুস্থ হয়ে চিকিৎসাধীন থাকায় তাঁর রোগমুক্তির জন্য সবাইকে দোয়া করার জন্য আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং প্রস্তুতকৃত কার্যপত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। অত:পর সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী চূড়ান্ত করতে মত প্রকাশ করেন।	কোন সংশোধনী না থাকায় গত ২০/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	—

২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনেক দপ্তরের নিকট থেকে পাওয়া যায়নি। আগামী সভা থেকে সকল বিভাগকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও সভার কার্যপত্র নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জেলা উন্নয়ন সমন্বয় সভা প্রতি মাসের ৩য় রবিবারে অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র (উপস্থাপনযোগ্য বিষয়) নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম (প্রতি মাসের ০১ তারিখের মধ্যে) প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দ।

৩। পুলিশ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
পুলিশ সুপার, নওগাঁ জানান, সরকারি যে কোন উন্নয়নমূলক কাজে পুলিশ বিভাগ সর্বদা সকল বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকেন। জেলায় মাদক ও জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রয়েছে। জঙ্গি অনুসন্ধানে পুলিশ বিভাগের নিকট তথ্য দিয়ে সহায়তা করার জন্য সকলকে অনুরোধ জানান।	জেলায় মাদক ও জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পুলিশ সুপার, নওগাঁ।

৪। জেলা পরিষদ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সচিব, জেলা পরিষদ, নওগাঁ জানান, জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি'র ৫৯০ লক্ষ টাকার ৩০৬টি প্রকল্প। টেন্ডার প্রকল্পের সংখ্যা ১৪১টি ও পিআইসি প্রকল্পের সংখ্যা ১৬৫টি। ১৪১টি টেন্ডার প্রকল্পের মধ্যে ২০টির কাজ সমাপ্ত হয়েছে। ৬৩টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৪০%। আগামী মে/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে। ১৬৫টি পিআইসি প্রকল্পের মধ্যে ৫টির কাজ সমাপ্ত হয়েছে। ১৬০টি কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৩০%। আগামী জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ১০৪.৫০ লক্ষ টাকার ১০টি প্রকল্প। টেন্ডার প্রকল্পের সংখ্যা ৬টি ও পিআইসি প্রকল্পের সংখ্যা ৪টি। ৬টি টেন্ডার প্রকল্পের মধ্যে ২টি টেন্ডার প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৪টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ২০%। আগামী মে/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে। ৪টি পিআইসি প্রকল্পের কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ২৫%। আগামী জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে।	জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি এবং রাজস্ব তহবিলের ঠিকাদার দ্রুত নির্বাচন করে কার্যাদেশ প্রদান করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ

৫। গণপূর্ত বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ জানান, গণপূর্ত বিভাগের অধীনে মোট ৩৫টি নির্মাণাধীন উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলমান আছে। নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের নবনির্মিত ভবন ৪মাস পূর্বে হস্তান্তর করা হয়েছে। নীচ তলায় মালামাল থাকার কারণে হস্তান্তর করা সম্ভব হয়নি। লিফটের কাজ সম্পন্ন হতে আরও ১৫দিন সময় লাগবে। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নবনির্মিত ভবনের কাজ হাসপাতাল কর্তৃপক্ষের একজন প্রতিনিধি এবং গণপূর্ত বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী কর্তৃক নবনির্মিত ভবন সরেজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন আগামী সভায় দাখিলের জন্য অনুরোধ জানান।	নওগাঁ সদর হাসপাতালের নবনির্মিত ভবনের নীচতলা হস্তান্তরের বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষের একজন প্রতিনিধি এবং গণপূর্ত বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন আগামী সভার পূর্বে দাখিল করবেন।	(১)নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ। (২)তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ।

৬। স্বাস্থ্য বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সিভিল সার্জন, নওগাঁ জানান, হাসপাতাল সদর হাসপাতাল ব্যতীত জেলায় মোট মঞ্জুরীকৃত চিকিৎসকের পদ ২৭৯টি। বর্তমানে কর্মরত আছে ৭৩জন। শূন্য আছে ২০৬টি। ব্যাপক সংখ্যক চিকিৎসক পদ শূন্য থাকায় চিকিৎসা সেবা প্রদানে সমস্যা হচ্ছে। জেলায় ৩য় ও ৪র্থ শ্রেণীর ব্যাপক পদ শূন্য আছে। ২০১২ সালে ৩য় ও ৪র্থ শ্রেণীর ১১৯টি পদে জনবল নিয়েগের নিমিত্তে লিখিত ও মৌখিক পরীক্ষা সমাপ্ত হয়েছে। উচ্চ আদালতে মামলা থাকায় নিয়োগ এখন সম্পন্ন হয়নি ফলে চিকিৎসা সেবা প্রদানসহ অফিস কার্যাদি পরিচালনায় ব্যাপক অসুবিধা হচ্ছে।	নতুনভাবে চিকিৎসক পদায়ন না হওয়া পর্যন্ত চিকিৎসক সমন্বয়ের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	সিভিল সার্জন, নওগাঁ।

৭। ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ এর প্রতিনিধি জানান, গত সভার সিদ্ধান্ত মোতাবেক হাসপাতালের মেইন গেট সংলগ্ন নবনির্মিত প্রাচীর ঘেসে সম্প্রতি স্থানীয় লোকজন কিছু অস্থায়ী দোকানপাট উচ্ছেদের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। একজন ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সভায় সিভিল সার্জন জানান, হাসপাতাল গেটের অবৈধ দোকান উচ্ছেদের জন্য বার বার নোটিশ দিয়ে উচ্ছেদ করা যায়নি।	(১)সদর হাসপাতাল গেট সংলগ্ন এবং নবনির্মিত প্রাচীর ঘেষে গড়ে তোলা অস্থায়ী দোকানপাট উচ্ছেদের জন্য হাসপাতাল কর্তৃক্ষের আবেদনের প্রেক্ষিতে দ্রুত একজন বিজ্ঞ ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে হবে। (২)নিয়োগকৃত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অবৈধ অস্থায়ী দোকানপাট উচ্ছেদ করে আগামী সভার পূর্বে অবহিত করতে হবে।	(১)তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ। (২)বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।

৮। নওগাঁ মেডিকেল কলেজঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ জানান, নওগাঁ মেডিকেল কলেজের ৫০ জন ছাত্র/ছাত্রী নিয়ে পুরাতন হাসপাতাল ভবনের ২য় তলায় স্থানীয় ব্যবস্থাপনায় জেনারেল হাসপাতাল কর্তৃপক্ষের সহায়তায় ক্লাস শুরু হয়েছে। নওগাঁ মেডিকেল কলেজ শীর্ষক প্রকল্পের আওতায় নওগাঁ সদর উপজেলায় চকবিরাম, নলগাড়া, বরুনকান্দি ও চকপাথুরিয়া মৌজায় নির্বাচিত ৫০ একর জমি অধিগ্রহণের জন্য ১৩৫ কোটি ৪৩ লক্ষ ৪৫ হাজার ৬৪১ টাকার প্রাক্কলন প্রস্তুত করে পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর জেলা ভূমি দখল অফিসার, নওগাঁ এর ৩১/১২/১৮ তারিখের ৩১.৪৩.৬৪০০.১০৭.০৪.০৬০.১৮-৬২৭ নং স্মারকে প্রেরণ করা হয়েছে।	নওগাঁ মেডিকেল কলেজের ২০১৯ শিক্ষা বর্ষে ছাত্র/ছাত্রীদের ক্লাস সুষ্ঠুভাবে গ্রহণের সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।	অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ।

৯। সড়ক ও জনপথ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ জানান, পাহাড়পুর সড়কের উন্নয়ন করার জন্য গাছ কর্তন প্রয়োজন। সান্তাহার-নওহাটা পর্যন্ত রাস্তার ধারে অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যাক্রম আগামী ২০/০২/১৯ তারিখে শুরু হবে। আগামী ২০/২২ দিনের মধ্যে অবৈধ স্থাপনা উচ্ছেদের পর রাস্তার কার্পেটিং এর কাজ হয়ে যাবে। নওগাঁ শহরের দয়ালের মোড় থেকে জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত রাস্তায় ৩০০ মিটার ড্রেন নির্মাণ করে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা প্রয়োজন। এছাড়া সওজ এর আওতায় সকল সরু সেতু/কালভাট সমূহের পুনঃনির্মাণ এবং বেইলী সেতুর পরিবর্তে আসসিসি সেতু নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ধানসুরা, নিয়ামতপুর রাস্তার টেন্ডার বাতিল করে নতুনভাবে রি-টেন্ডার করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, নিয়ামতপুর জানান, মান্দা-নিয়ামতপুর ঢুকতে গেলে ১৫০ ডিগ্রী টার্ণ আছে। এটি দুর্ঘটনা প্রবণ স্থান। এখানে ঢাল নির্মাণ করা প্রয়োজন। নির্বাহী প্রকৌশলী, সওজ জানান উক্ত স্থানে ১৮ হতে ২৪ ফিট প্রশস্ত করা হবে। মাননীয় খাদ্য মন্ত্রী মহোদয় এ ধরণের স্থানে দৃষ্টি নন্দন স্থাপনা নির্মাণের জন্য পরামর্শ প্রদান করেন।	(১)সড়ক ও জনপথ বিভাগের আওতায় পাহাড়পুর রাস্তার উন্নয়ন কাজ শুরু করার লক্ষ্যে দ্রুত গাছ কর্তন সম্পন্ন করতে হবে। (২)জনদুর্ভোগ কমাতে সান্তাহার-নওহাটা পর্যন্ত রাস্তায় অবৈধ স্থাপনা উচ্ছেদ অন্তে কার্পেটিং এর কাজ দ্রুত শুরু করতে হবে। (৩)মান্দা-নিয়ামতপুর রাস্তায় দুর্ঘটনা প্রবন এলাকায় দৃষ্টি নন্দন স্থাপনা নির্মাণ করতে হবে। (৪)নওগাঁ শহরের দয়ালের মোড় থেকে জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত রাস্তায় প্রয়োজনীয় ড্রেন নির্মাণসহ সকল সরু সেতু/কালভাটসমূহ পুনঃনির্মাণ করতে হবে। (৫)বদলগাছী-আক্কেলপুর সড়কে অবস্থিত বেইলী সেতুর পরিবর্তে আরসিসি সেতু নির্মাণ করতে হবে।	(১)নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ। (২)নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নওগাঁ।